গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
কক্সবাজার
www.dwa.coxsbazar.gov.bd

**জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির জুন ২০২৬ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ মোঃ আঃ মান্নান, জেলা প্রশাসক, কক্সবাজার
তারিখ ও সময় ঃ ১৫/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ, দুপুর ১.০০ টা
স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে গত ১০/০৫/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সর্বশেষ সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কক্সবাজার জেলার নারী ও শিশু নির্যাতন, বাল্যবিবাহ, যৌতুক ও যৌন হয়রানি/ইভটিজিং প্রতিরোধের বিষয়ে সকলের সুচিন্তিত মতামত কামনা করেন। সকলের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ ও যৌতুক নিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রমসমূহ ঃ** মহিলা বিষয়ক অধিদপ্তর, কক্সবাজার সভাকে অবহিত করেন যে, গত মাসে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক নিরোধ, যৌন হয়রানি/ইভটিজিং বিষয়ে ১৯ টি উঠান বৈঠকের মাধ্যমে ২১৯ জনকে সচেতনমূলক কার্যক্রমের আওতায় আনা হয়েছে। এছাড়া মহিলা বিষয়ক অধিদপ্তরের কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের মাধ্যমে ৭৫ টি ক্লাবে (৭১টি ইউনিয়নে ও ৪টি পৌরসভা) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ ও যৌতুক প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ ও যৌতুক নিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রমসমূহ চলমান রাখতে হবে। | ১। কমিটির সকল সদস্য। ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কক্সবাজার। ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল), কক্সবাজার। ৪। অফিসার ইনচার্জ (সকল), কক্সবাজার। ৫। তথ্যসেবা কর্মকর্তা (সকল), কক্সবাজার। |
| ০২ | **বাল্যবিবাহ ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ, তথ্যসেবা কর্মকর্তাগণ ও বিভিন্ন এনজিও সংস্থার তথ্য মোতাবেক কক্সবাজার জেলায় বাল্যবিবাহ বন্ধ করার জন্য উঠান বৈঠক, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির ও বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ে সচেতনতামূলক সভা, কুফল সম্পর্কে জানানো, ১০৯ ও ৯৯৯ সম্পর্কে সকলকে অবহিতকরণ কার্যক্রম চলমান রয়েছে। | বাল্যবিবাহের কুফল সম্পর্কে জানানো, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে করণীয় বিষয়ে (হট লাইন নম্বর ১০৯ ও ৯৯৯) জনপ্রতিনিধি, এনজিও প্রতিনিধি, কাজী, ইমাম, শিক্ষক, ধর্মীয় নেতা এবং সুশীল সমাজের প্রতিনিধিদের নিয়ে সচেতনতামূলক কার্যক্রম চলমান রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), কক্সবাজার। ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কক্সবাজার। ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল), কক্সবাজার। ৪। অফিসার ইনচার্জ (সকল), কক্সবাজার। ৫। তথ্যসেবা কর্মকর্তা (সকল), কক্সবাজার। |

<table>
<tr>
<td>০৩</td>
<td>মহিলাদের ক্ষমতায়নে কক্সবাজার জেলার ৯টি উপজেলায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ ও যৌতুক নিরোধ বিষয়ে উপজেলাভিত্তিক তথ্য :<br>
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>উঠান বৈঠক ও সংখ্যা</th><th>ডোর টু ডোর সেবা</th></tr>
<tr><td>সদর কক্সবাজার</td><td>০০</td><td>২০০ জন</td></tr>
<tr><td>উখিয়া</td><td>০১টি = ৫০ জন</td><td>৫০ জন</td></tr>
<tr><td>রামু</td><td>০০</td><td>৯০ জন</td></tr>
<tr><td>চকরিয়া</td><td>০০</td><td>৪৫০ জন</td></tr>
<tr><td>পেকুয়া</td><td>০১টি = ৫০ জন</td><td>১০০ জন</td></tr>
<tr><td>কুতুবদিয়া</td><td>০১টি = ৫০ জন</td><td>১৪০ জন</td></tr>
<tr><td>মহেশখালী</td><td>০০</td><td>৫০ জন</td></tr>
<tr><td>টেকনাফ</td><td>০০</td><td>৫০ জন</td></tr>
<tr><td>সর্বমোট =</td><td>০৩টি = ১৫০ জন</td><td>১১৩০ জন</td></tr>
</table>
মে ২০২৬ মাসে বরাদ্দ না থাকায় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে ৩টি ১৫০ জন এবং ডোর টু ডোর সেবার মাধ্যমে ১১৩০ জন মহিলাকে সেবা প্রদান করা হয়েছে।</td>
<td>নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ ও যৌতুক নিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রমসমূহ চলমান রাখতে হবে।</td>
<td>১। কমিটির সকল সদস্য।<br>২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কক্সবাজার।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল), কক্সবাজার।<br>৪। অফিসার ইনচার্জ (সকল), কক্সবাজার।<br>৫। তথ্যসেবা কর্মকর্তা (সকল), কক্সবাজার।</td>
</tr>
</table>

অত:পর আর কোন আলোচ্যসূচি না থাকায় সম্মানিত সদস্যদের যথাযথ দায়িত্ব প্রতিপালনের আহবান জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আঃ মান্নান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
কক্সবাজার
ফোন-০২৩৩৪৪৬২২০০
email:dccoxsbazar@mopa.gov.bd

স্মারক নং- ৩২.০১.২২০০.০০০.০৪.০১৪.১৭.৬৮১ তারিখ ঃ ১৮/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতির জন্য অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-**

১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা ;
৩. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কক্সবাজার ;
৪. উপপরিচালক (সচেতনতা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা ;
৫. জনাব ..........................................................................................কক্সবাজার ;
৬. গোপনীয় সহকারী, জেলা প্রশাসকের কার্যালয় (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য) ;
৭. অফিস নথি ;

১৮.০৬.২০২৬
সুব্রত বিশ্বাস
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
কক্সবাজার